



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৫৮৮-৮২০০৮৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব : www.rakub.org.bd
সাইট

ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং-১১/২০২৪

তারিখ: ১০.০৬.২০২৪

- সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
- উপমহাব্যবস্থাপক
রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়,
রাজশাহী
- সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়ঃ ব্যাংক ঋণের বিপরীতে গৃহীত/গ্রহণযোগ্য জামানত (Collateral) মূল্যায়নকারী প্রতিষ্ঠান বা কোম্পানী কর্তৃক মূল্যায়ন

প্রিয় মহোদয়

উপরিলিখিত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৮.১১.২০২৩ তারিখে জারীকৃত জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান বা কোম্পানীর তালিকাভুক্তিকরণ বিষয়ক বিআরপিডি সার্কুলার নং-১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (সংযোজনী-১)।

০২। উল্লিখিত সার্কুলারের প্রেক্ষিতে ব্যাংক ঋণের বিপরীতে গ্রহণযোগ্য জামানত (Collateral) মূল্যায়নের বিষয়ে ১৭ জানুয়ারী ২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৭৫ তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদসংক্রান্ত নিম্নরূপ নীতিমালা জারী করা হলো:

০৩। জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান:

এ ব্যাংকের তালিকাভুক্ত জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক ঋণের বিপরীতে গৃহীত/গৃহীতব্য জামানতি সম্পত্তির মূল্যায়ন করতে হবে। জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৪। জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান দ্বারা বন্ধকী/বন্ধকীতব্য সম্পত্তির মূল্যায়নের ক্ষেত্রে ঋণ সীমা:

ঋণ সীমা	নির্দেশনা
অনুর্ধ্ব ০১ (এক) কোটি টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে	অনুর্ধ্ব ০১ (এক) কোটি টাকা পর্যন্ত ঋণ মঞ্জুরি, ঋণ সীমা বর্ধিতকরণ বা প্রযোজ্য ক্ষেত্রে নবায়নের সময় ঋণের বিপরীতে গৃহীত/গৃহীতব্য সম্পত্তি, মালামাল, যন্ত্রপাতি ইত্যাদি মূল্যায়ন ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় করতে হবে। তবে এক্ষেত্রে তালিকাভুক্ত জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান দ্বারা বন্ধকীকৃত/বন্ধকীতব্য সম্পত্তির মূল্যায়নের প্রয়োজন হলে বিভাগীয় মহাব্যবস্থাপকের অনুমোদন গ্রহণ করতে হবে।
০১ (এক) কোটি টাকা ও তদুর্ধ্ব অংকের ঋণের ক্ষেত্রে	০১ (এক) কোটি টাকা ও তদুর্ধ্ব অংকের ঋণ মঞ্জুরি, ঋণসীমা বর্ধিতকরণ, প্রযোজ্য ক্ষেত্রে নবায়নের সময় এ ব্যাংকের তালিকাভুক্ত জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠানের মাধ্যমে জামানত/সহজামানত হিসেবে গৃহীত/গৃহীতব্য সম্পত্তি, মালামাল, যন্ত্রপাতি ইত্যাদি মূল্যায়ন করতে হবে। তবে জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য তালিকাভুক্ত জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠানের পাশাপাশি ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায়ও উক্ত জামানত মূল্যায়ন করতে হবে।
১০০ (একশত) কোটি টাকা ও তদুর্ধ্ব অংকের ঋণের ক্ষেত্রে	১০০ (একশত) কোটি টাকা ও তদুর্ধ্ব অংকের ঋণ মঞ্জুরি, বর্ধিতকরণের বা প্রযোজ্য ক্ষেত্রে নবায়নের সময় গৃহীত/গৃহীতব্য জামানত (সম্পত্তি, মালামাল, যন্ত্রপাতি ইত্যাদি) ন্যূনতম দুইটি জামানত মূল্যায়নকারী প্রতিষ্ঠান দ্বারা পৃথকভাবে মূল্যায়ন করাতে হবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডায়েরী নং: ১৬৫/২০২৪

চলমান পাতা ০১

০৫। পরিপালনীয় নির্দেশনাঃ


- ১) প্রতিষ্ঠান/কোম্পানী কর্তৃক কেবলমাত্র ব্যাংকের চাহিদা মোতাবেক ১.০০(এক) কোটি টাকা ও তদুর্ধ্ব অংকের ঋণের জামানত হিসেবে গৃহীত/গৃহীতব্য স্থাবর সম্পদ মূল্যায়ন করতে হবে। তবে ১.০০ (এক) কোটি টাকার নিম্নে ঋণের জামানত মূল্যায়নের ক্ষেত্রে সার্কুলারে ০৪ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা পরিপালন করতে হবে।
- ২) মূল্যায়ন কাজের জন্য প্রতিষ্ঠান/কোম্পানীকে নিয়োজিত হারে ফি প্রদান করা হবেঃ
 - i) Value of the property upto Tk.1,00,00,000/- =Tk. 3500/-.
 - ii) Value of the property exceeding Tk.1,00,00,000/- =Tk. 0.03% of the assessed value subject to maximum of Tk.20,000/- and minimum of Tk.3500/-.
 - iii) No TA/DA is applicable.
- ৩) ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ও নির্ধারিত ফরমেটে (সংযোজনী-২) সার্ভে/মূল্যায়ন রিপোর্ট প্রণয়ন ও দাখিল করতে হবে। উক্ত রিপোর্ট প্রতিষ্ঠান/কোম্পানী প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- ৪) প্রস্তাবিত স্থাবর সম্পদ মূল্যায়নপূর্বক প্রতিষ্ঠান/কোম্পানী কর্তৃক দাখিলতব্য রিপোর্টের সাথে সাইট প্লান, মৌজা ম্যাপ, চেন অব ডকুমেন্টস ইত্যাদি সংগ্রহ করে সম্পদের ছবিসহ (বিভিন্ন দিক থেকে গৃহীত) দুই প্রস্থ চিত্রিতকরণ সনদ সংশ্লিষ্ট শাখায় দাখিল করতে হবে।
- ৫) মূল্যায়ন সনদ ও আনুষঙ্গিক অন্যান্য কাগজপত্র/দলিলাদি প্রতিষ্ঠান/কোম্পানীর সিইও/স্বাধিকারী/ ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অবশ্যই প্রতিস্বাক্ষরিত হতে হবে। মূল্যায়নকালে স্থাবর সম্পদ চিত্রিতকরণপূর্বক সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং অতিমূল্যায়ন কিংবা কোন ভুল তথ্য পরিবেশন করা হয়নি মর্মে মূল্যায়নকারী সার্ভেয়ার ঘোষণাপত্র প্রদান করবে, যা প্রতিষ্ঠান/কোম্পানী কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- ৬) এলাকার ন্যূনতম মূল্য বিবেচনায় নিয়ে প্রস্তাবিত সম্পত্তির মূল্যায়ন করতে হবে। এ ক্ষেত্রে সার্ভে রিপোর্টে সম্পত্তির বাজার মূল্য ও তাৎক্ষণিক বিক্রয় মূল্য পৃথকভাবে উল্লেখ করতে হবে। অতিমূল্যায়ন/প্রকৃত ঘটনা গোপন করা কিংবা অতিরঞ্জিত তথ্য প্রদান সার্ভেয়ার প্রতিষ্ঠানের অস্বার্থিতা প্রমাণ করবে।
- ৭) ব্যাংক কর্তৃক কোন সম্পত্তি সার্ভে/মূল্যায়নের জন্য দাখিল প্রদানের সর্বোচ্চ ১০ (দশ) কর্মদিবসের মধ্যে পরিদর্শন করে সার্ভে/মূল্যায়ন রিপোর্ট দাখিল করতে হবে।
- ৮) একাধিক মূল্যায়নকারী প্রতিষ্ঠানের পাশাপাশি ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় মূল্যায়নের ক্ষেত্রে উভয়পক্ষের মূল্যায়নের মধ্যে যে মূল্যায়ন ব্যাংকের জন্য অধিকতর অনুকূলে হবে তা গ্রহণ করতে হবে। তবে উভয় মূল্যায়নের ব্যবধান ২০% এর অধিক হলে ব্যাংক মূল্যায়নকারী প্রতিষ্ঠানের নিকট ব্যাখ্যা চাইতে হবে।
- ০৯) ব্যাংক প্রতিষ্ঠান/কোম্পানীকে সার্ভে/মূল্যায়নের কাজের জন্য চুক্তি মোতাবেক নির্ধারিত হারে ফি সংশ্লিষ্ট গ্রাহকের নিকট থেকে আদায় করে প্রদান করবে। সার্ভে/মূল্যায়ন কাজে কোন অগ্রিম প্রদান করা হবে না। সার্ভে/মূল্যায়নের কাজের জন্য প্রতিষ্ঠান/কোম্পানী গ্রাহকের নিকট থেকে কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবে না।
- ১০) সরকারী ভ্যাট/ট্যাক্স (যদি থাকে) প্রতিষ্ঠান/কোম্পানীকে বহন করতে হবে এবং ব্যাংক এ বাবদ অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানী কর্তৃক দাখিলকৃত ফি হতে কর্তন করবে।
- ১১) প্রাথমিক বিবেচনায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক ১৭ (সতের)টি Collateral মূল্যায়নকারী প্রতিষ্ঠান বা কোম্পানী তালিকাভুক্তির অনুমোদন প্রদান করা হয়েছে (সংযোজনী-০৩)।
- ১২) এ ব্যাংকের সার্ভেয়ার হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানীর তালিকাভুক্তির মেয়াদ হবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক চূড়ান্ত সার্ভেয়ার তালিকা প্রকাশের পূর্ব পর্যন্ত। তাছাড়াও নির্ধারিত মেয়াদের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানীর বিরুদ্ধে কোনো প্রকার অভিযোগ উত্থাপিত হলে ব্যাংক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানীর তালিকাভুক্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবে।
- ১৩) প্রতিষ্ঠান/কোম্পানীকে রাখার যে কোন শাখায় একটি সঞ্চয়ী/চলতি হিসাব খুলতে হবে (যদি না থাকে) এবং এতদু সংক্রান্ত যাবতীয় লেনদেন উক্ত হিসাবের মাধ্যমে সম্পাদন করতে হবে।
- ১৪) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রতিষ্ঠান/কোম্পানীর তালিকাভুক্তি বাতিল কিংবা এর কোনো শর্ত পরিবর্তন/সংযোজন করা হলে ব্যাংক কর্তৃক

০৫। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ১.০০ (এক) কোটি ও তদুর্ধ্ব অংকের ঋণের জামানত (Collateral) মূল্যায়নের ক্ষেত্রে চূড়ান্তভাবে তালিকাভুক্ত (সংযোজনী-৩) মূল্যায়নকারী প্রতিষ্ঠানের মাধ্যমে জামানত মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(শওকত শহীদুল ইসলাম)


উপমহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণঅবি-১/১৫১/২০২৩-২০২৪/৮৯৮(৪৫৪)

তারিখ: ১০.০৬.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ০৯। উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। অফিস নথি/মহানথি।



(মোঃ মোস্তাফিজার রহমান)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সার্ভে রিপোর্ট

সংযোজনী-২

- (০১) জামানতের মালিকের নাম :
 পিতার নাম :
 মাতার নাম :
 স্থায়ী ঠিকানা :
 বর্তমান ঠিকানা :
 জাতীয় পরিচয় পত্র নম্বর (যদি থাকে) :
- (০২) বর্তমান ভোগদখলকারীর নাম ও ঠিকানা :
- (০৩) মালিকানার উৎস : ক্রয়সূত্রে, টৈত্রিক, ইজারা, বন্দোবস্ত, দান, ট্রাস্ট, ওয়াকফ, দেবোত্তর, হুকুম দখলী ইত্যাদি। (বর্তমান মূল দলিলের অবস্থাসহ বায়া দলিলের অবস্থা/অবস্থান) :
- (০৪) ক্রয়সূত্রে সম্পত্তির মালিক হলে ক্রয়ের তারিখ ও দলিলে প্রদর্শিত মূল্য :
- (০৫) বন্ধকীতব্য/বন্ধকীকৃত জমির তফসিল : জেলা উপজেলা মৌজা :
, জেল এল নং., সি এস এস এ আরএস/বিএস.
, মহানগর জরিপ., খতিয়ান নং সি এস. এস এ
 আরএস/বিএস., মহানগর জরিপ., মিউটেশন দাগ নং সিএস ও এসএ.
, আরএস/বি এস মহানগর জরিপ।
- (০৬) জমির পরিমাণ :
- (০৭) জমির চৌহাদ্দী (মৌজা ম্যাপসহ) :
 ক) সম্পত্তির উত্তরে :
 খ) সম্পত্তির দক্ষিণে :
 গ) সম্পত্তির পূর্বে :
 ঘ। সম্পত্তির পশ্চিমে :
- (০৮) জমির অবস্থান :
 রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট
 বোর্ড/পৌরসভা এলাকা/শহরতলী ইত্যাদির (আবাসিক
 এলাকা/বাণিজ্যিক এলাকা) পল্লী এলাকার
 (বসতবাড়ী/ফসলী জমি) :
- (০৯) হুকুম দখলকৃত জমি কিনা ? :
 সরকার বা অন্য কোন সংস্থার কোন প্লান আছে কিনা?
- (১০) জমির সীমানা প্রাচীর আছে কিনা? :
- (১১) জমির প্রকৃতি : উঁচু, নীচু, সমতল, পুকুর, ডোবা
 ইত্যাদি, (নীচু হলে কি পরিমাণ নীচু) :
- (১২) দালান/পুরকর্ম :
 পাকা, সেমিপাকা, কাঁচাঘর, ঘরের সংখ্যা, তলার সংখ্যা :
 মোট আয়তন অনুমোদিত প্লান মোতাবেক নির্মিত কিনা? :
- (১৩) নির্মিত বাড়ী/ইয়ারত হলে উহার ব্যবহার (মালিক নিজে
 বসবাস করেন/ভাড়া দিয়ে থাকেন) ভাড়া দিয়ে থাকলে
 কত টাকা মাসিক ভাড়া :
- (১৪) জমির লোকেশনসহ জমিতে যাতায়াত করার
 সুবিধা/যোগাযোগ অবকাঠামো/সুবিধাদি :

- (১৫) সম্ভাব্য ঝুঁকি সমূহ (নদী ভাঙ্গন, বন্যা প্রবনাতা ইত্যাদি) :
- (১৬) নিরূপিত বাজার মূল্য :
- (ক) জমির মূল্য :
- (খ) দালান/পুরকর্মের মূল্য :
- (গ) যন্ত্রপাতির মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে) :
- (ঘ) মোট মূল্য (মূল্য নিরূপনের ভিত্তি উল্লেখ করতে হবে) :
- (১৭) নিরূপিত তাৎক্ষণিক বিক্রয় মূল্য :
- (ক) জমির মূল্য :
- (খ) দালান/পুরকর্মের মূল্য :
- (গ) যন্ত্রপাতির মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে) :
- (ঘ) মোট মূল্য :
- (১৮) মূল্য নিরূপনকারী কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা :
(সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে)। :
- (১৯) মূল্য নিরূপনের তারিখ :
- (২০) ১০ বছর পরে সম্ভাব্য বিক্রয় মূল্য :
- (২১) নিলামে বিক্রি করা হলে সম্ভাব্য মূল্য :
- (২২) মূল্যায়নের ভিত্তি :
- (২৩) সম্পত্তি দায়মুক্ত কিনা :
- (২৪) সম্পত্তির মালিকানা সংক্রান্ত তল্লাশি সনদ, হালনাগাদ খাজনা পরিশোধের রসিদ, আয়কর পরিশোধের রসিদ, পৌরকর পরিশোধের রসিদ ইত্যাদির অবস্থা :
- (২৫) সম্পত্তি অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের নির্দায় সনদ (তল্লাশি রসিদসহ শাখার রেকর্ডে রয়েছে কিনা) :
- (২৬) তৃতীয় পক্ষের আমমোজারনামা মূলে সহযোগী জামানত হিসেবে গৃহীতব্য সম্পত্তির মূল্যায়নকালে সংশ্লিষ্ট রেজিস্টার্ড অপ্রত্যাহারযোগ্য আমমোজারনামার মূল্য দাখিল শাখার রেকর্ডে রয়েছে কিনা :
- (২৭) গৃহীতব্য/প্রস্তাবিত স্থাবর সম্পদ যৌথ মালিকানাধীন হলে উক্ত সম্পত্তি বন্ধক দেয়ার বিষয়ে প্রত্যেক মালিকের সম্মতিপত্র শাখার রেকর্ডে রয়েছে কিনা :
- (২৮) অন্যান্য তথ্য (যদি থাকে) :
- (২৯) মন্তব্য :

স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :
তারিখ :





(সংযোজনী-৩)

১.০০ (এক) কোটি ও তদূর্ধ্ব অংকের ঋণের জামানত (Collateral) মূল্যায়নের ক্ষেত্রে চূড়ান্তভাবে তালিকাভুক্ত মূল্যায়নকারী প্রতিষ্ঠানের নামের তালিকা

ক্রঃ নং	সার্ভিসার প্রতিষ্ঠানের নাম
০১।	ইউনিক সার্ভে সার্ভিস ব্যুরো, ভূইয়া ম্যানশন (৪র্থ তলা) ৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোন-০২-৯৫৫২২৯১, ০১৯১২-২২০০৯৫
০২।	নান্দনিক বাংলাদেশ ৯৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ (২য় তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫। ফোন-০২-৮১৮০১৪৯, ০১৭১১-২২৭৪৬৫ Email. nandanickbd১১১@gmail. Com ০১৭১১-২২৭৪৬৫
০৩।	গ্লোবাল সার্ভে এন্ড ইঞ্জিনিয়ারিং লিঃ মনজুরী ভবন ৮ ডি আইটি রোড (৭ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা। ফোন-০১৭১২-৪০০৯১৩, ০১৮১৯-০৫০৬০২
০৪।	প্রিন্স ইমপেকশন সার্ভিসেস (বিডি) লিঃ নাহার ম্যানশন (৪র্থ তলা), ১৫০, মতিঝিল বা/এ, ঢাকা, ফোন-০১৭১৬-৩০২৯২৭, ০১৬৭৬-৬৬৫৪০৪
০৫।	তাজ ইমপেকশন এন্ড সার্ভে কোং প্রাঃ লিঃ রুম নং-৫২১, ৫২২ ((৫ম তলা), ১২৬/এ/বি লায়ন শপিং কমপ্লেক্স, মনিপুড়ি পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫। ফোন-০১৭১৬-০৯৫৫৭৬
০৬।	রায়াল ইমপেকশন এন্ড কম্পালটিং লিমিটেড চাঁদ ম্যানশন (৭ম তলা), ৬৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। ফোন-০২-৯৫৫০৯৪২, ০১৭১৭-২০২৫২৪
০৭।	রাইটওয়ে সার্ভিসার্স এম এম ভবন নীচতলা, ৬৬, আহসান আহমেদ রোড, খুলনা। ফোন-০১৭১১-২৭৫০৮৪, ০১৯৩৬-২৬৪৫৫২
০৮।	এস এফ ইমপেকশন কোং লিঃ ১৫৪, মতিঝিল (৬ষ্ঠ তলা), রুম নং-৬১১, ঢাকা, ফোন-০১৭১৬-৩২৪০৪৭, ০১৭৭৮-৩৪৬২০৭
০৯।	মডার্ন সার্ভিসার্স লিমিটেড চাঁদ ম্যানশন (৬ষ্ঠ তলা), ৬৬ দিলকুশা বা/এ মতিঝিল, ঢাকা-১০০০। ফোন-০২-৯৫৫১৫৮৮, ০১৭১৩-৩৩২৪০৪
১০।	বুদ্ধ ইমপেকশন এন্ড সার্ভে ৪৮০, ডিআইটি রোড, জিএম ম্যানশন, মালিবাগ, ঢাকা। ফোন-০১৭১২-০৩৮২৭০, ০২-৯৩৪২৯৯৫
১১।	এস, কে সার্ভে এন্ড ইমপেকশন কোম্পানী চাঁদ ম্যানশন (৬ষ্ঠ তলা), ৬৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, ফোন-৯৫৭২০১৯, ০১৭১১-৮৯৭৪৮৯।
১২।	দিশারী সার্ভে কোং প্রাঃ লিঃ ১২২ পুবালী মার্কেট, সিরইল বাস স্ট্যান্ড, ঘোড়াঘাটা, বোয়ালিয়া, রাজশাহী।
১৩।	জাস সার্ভে লিঃ ৩/১২, নয়া পল্টন (৫ম তলা), কালভাট রোড, ঢাকা, ফোন-০২-৯৩৪৬৩৩৬, ০১৭১৫-৬০২৩৩৭
১৪।	সাউথ বাংলা সার্ভিসার্স ১০৯/১১০ কেসিস সুপার মার্কেট (২য় তলা), বেলিডা ঘোষ রোড, খুলনা সদর, খুলনা, ফোন-০১৭১১-৭৩২৭২৪
১৫।	ঢাকা ইমপেকশন সার্ভে লিঃ সুলতান বিল্ডিং (৪র্থ তলা), ১৪৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোন-০২-৫৭১৬৫, ০১৭১২-০৮৮৮৯৯
১৬।	জিওটিক সার্ভে এন্ড সলিউশন হোল্ডিং-গ-১৩১, জোয়ার্দার ভিলা (৩য় তলা), প্রগতি স্মরণী, মধ্যবাহু, ঢাকা-১২১২। ফোন-০২-৮৮৩৬৬৫২
১৭।	কম-এক্স ইমপেকশন এন্ড সার্ভে ৮, ডিআইটি এক্সি, এভিনিউ, মনজুরী ভবন (৭ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোন-০১৭২৪-৫৪০৯৭৫, ০১৮২১-৪৩৭৩৬৫